গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্প
পরিসংখ্যান ভবন (২য় তলা, ব্লক-বি)
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.bbs.gov.bd

নং-৫২.০১.০০০০.৪০৯.১১.০১৪.১৯.২৩৫

তারিখ: ১ মাঘ, ১৪২৬
১৫ জানুয়ারি, ২০২০

# আউটসোর্সিং পদ্ধতিতে জনবল সরবরাহের দরপত্র/প্রস্তাব বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন 'জনশুমারি ও গৃহগণনা ২০২১' প্রকল্পের আওতায় প্রকল্প দপ্তর, বিভাগীয়, জেলা ও উপজেলা পরিসংখ্যান কার্যালয়সমূহের জন্য উন্নয়ন বাজেটের অধীনে সম্পূর্ণ অস্থায়ীভাবে আউটসোর্সিং পদ্ধতিতে জনবলের সেবা গ্রহণের উদ্দেশ্যে এতদসংক্রান্ত যোগ্যতা সম্পন্ন প্রতিষ্ঠান নির্বাচনের লক্ষ্যে দরপত্র/প্রস্তাব আহ্বান করা যাচ্ছে:

| | | |
|---|---|---|
| ১। | মন্ত্রণালয়/বিভাগ | পরিকল্পনা মন্ত্রণালয়/পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ |
| ২। | সংস্থার নাম | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো |
| ৩। | অর্থের উৎস | বাংলাদেশ সরকার (জিওবি) |
| ৪। | দরপত্র প্যাকেজের নাম | আউটসোর্সিং পদ্ধতিতে জনবল সরবরাহ |
| ৫। | জনবল সরবরাহের সময়সীমা | কার্যাদেশ প্রাপ্তির ১৫ (পনের) দিনের মধ্যে |
| ৬। | কর্মচারীদের কার্য সম্পাদনের সময়সীমা | জনবল সরবরাহের চুক্তি সম্পাদনের পর প্রকল্প মেয়াদকালীন বা ৩০ জুন ২০২৪খ্রি. পর্যন্ত |
| ৭। | দরপত্র বিক্রয়কারী অফিসের নাম ও ঠিকানা | জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্প, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন (২য় তলা, ব্লক-বি), ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭। |
| ৮। | দরপত্র গ্রহণকারী অফিসের নাম ও ঠিকানা | জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্প, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন (২য় তলা, ব্লক-বি), ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭। |
| ৯। | দরপত্র প্রকাশের তারিখ | ১৬-০১-২০২০ খ্রি. |
| ১০। | দরপত্র সিডিউল বিক্রয়ের শুরু এবং শেষ তারিখ | ১৯-০১-২০২০ খ্রি. সকাল ১০.০০ টা হতে ১৬-০২-২০২০ খ্রি. বিকাল ০৫.০০ টা পর্যন্ত। |
| ১১। | দরপত্র দাখিলের শেষ তারিখ, সময় ও স্থান | ১৭-০২-২০২০ খ্রি.বেলা ০৩.০০ টা পর্যন্ত।<br>স্থান: জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্প, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন (২য় তলা, ব্লক-বি), ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭। |
| ১২। | দরপত্র উন্মুক্তকরণের তারিখ ও সময় | ১৭-০২-২০২০ খ্রি. বিকাল ০৩.৩০ টা পর্যন্ত। |
| ১৩। | দরপত্র উন্মুক্তকরণের স্থান ও ঠিকানা | জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্প, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন (২য় তলা, ব্লক-বি), ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭। |
| ১৪। | প্যাকেজের বিবরণ | পরিসংখ্যান তথ্য সংগ্রহ ও প্রক্রিয়াকরণ সেবার আওতায় ৬৫০টি ডাটা এন্ট্রি অপারেটর, পরিবহন সেবার আওতায় ৭টি গাড়িচালক এবং অফিস/কর্ম সহায়ক সেবার আওতায় ৪টি অফিস সহায়ক পদে আউটসোর্সিং-এর মাধ্যমে জনবলের সেবা গ্রহণ। |
| ১৫। | নিয়োগকৃত শিক্ষাগত যোগ্যতা, বয়স ও অভিজ্ঞতার বিবরণ | **পদের নাম** — **শিক্ষাগত যোগ্যতা, বয়স ও অভিজ্ঞতা**<br>ডাটা এন্ট্রি অপারেটর — ন্যূনতম এইচএসসি পাশ, বয়স সর্বনিম্ন ১৮ (আঠার) ও অনধিক ৬০ (ষাট) বছর এবং সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে।<br>গাড়ি চালক — ন্যূনতম এসএসসি পাশ, বয়স সর্বনিম্ন ১৮ (আঠার) ও অনধিক ৬০ (ষাট) বছর এবং হেভী ড্রাইভিং লাইসেন্সসহ গাড়ি চালানোর বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>অফিস সহায়ক — ন্যূনতম এসএসসি পাশ, বয়স সর্বনিম্ন ১৮ (আঠার) ও অনধিক ৬০ (ষাট) বছর এবং সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে।<br>**শিক্ষাগত যোগ্যতা, বয়স ও অভিজ্ঞতা সংক্রান্ত বিস্তারিত বিবরণ দরপত্র সিডিউলে উল্লেখ থাকবে** |
| ১৬। | জনবল সরবরাহের বিস্তারিত বিবরণ ও শর্তাবলী দরপত্র সিডিউলে উল্লেখ থাকবে। | |
| ১৭। | বিশেষ শর্তাবলি | (১) দরপত্র দাতাগণ পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ ও বিধিমালা-২০০৮ এর শর্তাবলী প্রতিপালনে বাধ্য থাকবেন;<br>(২) অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ-এর ব্যয় ব্যবস্থাপনা-৩ শাখা কর্তৃক জারিকৃত আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবাগ্রহণ নীতিমালা ২০১৮ নং-০৭.১৫৩.০২৯.০৭.০০.০১.২০১২-০১ তারিখ ০১/০১/২০১৯ খ্রি. অবশ্যই অনুসরণ করতে হবে;<br>(৩) অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ-এর ব্যয় ব্যবস্থাপনা-৩ শাখা কর্তৃক জারিকৃত আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবাগ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী সেবাক্রয়ের সেবামূল্য নির্ধারণ সংক্রান্ত পরিপত্র নং- ০৭.১৫৩.০২৯.০৭.০০.০১.২০১৯-২৫৯ তারিখ ১০/০৬/২০১৯ খ্রি. এবং অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ-এর বাজেট-১১ শাখা কর্তৃক জারিকৃত আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবাগ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী সেবাক্রয়ের সেবামূল্য নির্ধারণ সংক্রান্ত পরিপত্র নং- ০৭.১১১.০৩১.০১.০০.০০৫.২০১০-৫০০ তারিখ ১৮/১২/২০১৯ খ্রি. অবশ্যই অনুসরণ করতে হবে;<br>(৪) আউটসোর্সিং-এর মাধ্যমে সেবা গ্রহণের ক্ষেত্রে সরকার কর্তৃক সময় সময় জারিকৃত আইন, বিধিমালা, নির্দেশনা ইত্যাদি অনুসরণযোগ্য হবে;<br>(৫) নির্বাচিত জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদিত হবে। কোনো ব্যক্তির সাথে চুক্তি হবে না বা কোনো ব্যক্তির নামে নিয়োগপত্র ইস্যু হবে না;<br>(৬) নিয়োজিত কর্মচারীগণ বাংলাদেশের নাগরিক হতে হবে;<br>(৭) সরকারের যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত/রেজিস্ট্রার্ড জনবল সরবরাহকারী প্রতিষ্ঠান হতে হবে;<br>(৮) আউটসোর্সিং-এর মাধ্যমে প্রতিষ্ঠান কর্তৃক সরবরাহকৃত জনবল বাংলাদেশের যে কোনো জেলা ও উপজেলায় দায়িত্ব পালনে বাধ্য থাকবে।<br>(৯) দরদাতা প্রতিষ্ঠানের হালনাগাদ ট্রেড লাইসেন্স, জয়েনস্টক কোম্পানীর ইনকর্পোরেশন সার্টিফিকেট, ভ্যাট সনদ, হালনাগাদ আয়কর পরিশোধ সনদ, অভিজ্ঞতার সনদপত্র এবং ব্যাংক কর্তৃক আর্থিক স্বচ্ছলতার সনদ থাকতে হবে;<br>(১০) আউটসোর্সিং পদ্ধতিতে জনবল সরবরাহের জন্য চূড়ান্তভাবে মনোনীত প্রতিষ্ঠানকে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদন করতে হবে;<br>(১১) জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের সঙ্গে সম্পাদিত চুক্তি সেবাগ্রহণকারী প্রতিষ্ঠান ১(এক) হতে ৩(তিন) মাসের অগ্রিম নোটিশে এবং সেবা প্রদানকারী প্রতিষ্ঠান ৬ (ছয়) মাসের অগ্রিম নোটিশে বাতিল করতে পারবে;<br>(১২) নিয়োজিত কর্মচারীগণ প্রয়োজনে ছুটির দিনে বা স্বাভাবিক সরকারি অফিস সময়ের পরে দাপ্তরিক প্রয়োজনে shifting duty করতে বাধ্য থাকবেন;<br>(১৩) চূড়ান্তভাবে মনোনীত প্রতিষ্ঠান কর্তৃক আউটসোর্সিং এর মাধ্যমে সরবরাহকৃত জনবলের কোনো কর্মচারীর অদক্ষতা বা অবহেলার কারণে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কোনো ক্ষতিসাধিত হলে জনবল সরবরাকারী প্রতিষ্ঠানকে তার সম্পূর্ণভাবে দায় বহন করতে হবে;<br>(১৪) সিডিউলের মূল্য প্রতিটি ১৮,০০০/- (আটারো হাজার) টাকা মাত্র সিডিউল ক্রয়ের সময় নগদ (অফেরতযোগ্য) পরিশোধ করতে হবে;<br>(১৫) আগ্রহী প্রতিষ্ঠানকে নিজ প্যাডে সীলমোহরকৃত খামে পদওয়ারী দর প্রস্তাব উল্লেখ করে হালনাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর পরিশোধের সনদপত্র, অভিজ্ঞতার সনদপত্র ইত্যাদিসহ নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে রক্ষিত দরপত্র বাক্সে বা দরপত্রে সিডিউলে উল্লিখিত স্থানে দরপত্র/প্রস্তাব দাখিল করতে হবে;<br>(১৬) কর্তৃপক্ষ শূন্য পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করেন;<br>(১৭) উভয় পক্ষের সম্মতিতে চুক্তিপত্রের মেয়াদ বৃদ্ধি করা যাবে;<br>(১৮) নির্বাচিত প্রতিষ্ঠানের নিকট হতে সরকারি নিয়ম অনুযায়ী VAT, IT ও Service charge কর্তনপূর্বক হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয় কর্তৃক ইস্যুকৃত চেকের মাধ্যমে আউটসোর্সিং জনবলের মাসিক সেবামূল্য প্রদেয় হবে এবং এক্ষেত্রে সেবা সরবরাহকারী প্রতিষ্ঠান শুধুমাত্র লভ্যাংশ প্রাপ্ত হবেন। |
| ১৮। | কোনো কারণ প্রদর্শন ব্যতিরেকে যে কোনো বা সকল দরপত্র/প্রস্তাব বাতিল/গ্রহণের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। | |

(মোঃ জাহিদুল হক সরদার)
প্রকল্প পরিচালক
ফোনঃ ০২-৫৫০০৭০০৮